

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 16.11.2024

Time: 7.50 A.M.

বিশেষ বিশেষ খবর –

১) তরুণের স্বপ্ন প্রকল্পে ট্যাবের টাকা নিয়ে জালিয়াতির প্রেক্ষিতে রাজ্য সরকার সবকটি সামাজিক সুরক্ষা প্রকল্পে উপভোক্তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট যাচাই করবে।

ট্যাব জালিয়াতিতে এখনও পর্যন্ত ১৩ জনকে গ্রেফতার করেছে পুলিশ। রুজু হয়েছে ১২০-টি মামলা।

২) আদিবাসী সমাজের উন্নয়ন প্রকল্পগুলির অগ্রগতি পর্যালোচনায় আগামী সোমবার বৈঠকে বসছে রাজ্য সরকার।

৩) কসবার তৃণমূল কংগ্রেস কাউন্সিলার সুশান্ত ঘোষকে খুনের চেষ্টার অভিযোগে মূল যড়যন্ত্রকারী মহম্মদ ইকবালকে পাকড়াও করেছে পুলিশ। ধৃত ২ জনের ২৯-শে নভেম্বর পর্যন্ত পুলিশ হেফাজত।

উত্তর ব্যারাকপুর পুরসভার উপ-পুর প্রধান সত্যজিত্ ব্যানার্জীর ঝুলন্ত দেহ আজ ভাড়া বাড়ি থেকে উদ্ধার হওয়ার ঘটনায় চাপল্য ছড়িয়েছে।

৪) গঙ্গাসাগরে ভয়াবহ ভাঙন রুখতে আই আই টি মাদ্রাজ এবং নেদারল্যান্ডসের প্রযুক্তিগত সহায়তা নেবে রাজ্য সরকার।

৫) রঞ্জি ট্রফির ম্যাচে ইন্দোরে বাংলা আজ ১১ রানে মধ্যপ্রদেশকে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে তরুণের স্বপ্ন প্রকল্পের ট্যাবের টাকা নিয়ে জালিয়াতির প্রেক্ষিতে রাজ্য সরকার সমস্ত সামাজিক সুরক্ষা প্রকল্পে উপভোক্তাদের ব্যাংক অ্যাকাউন্ট যাচাই করার সিদ্ধান্ত নিয়েছে। টাকা পাঠানোর আগে উপভোক্তার সমস্ত তথ্য যাচাই করা হবে। কন্যাশ্রী, রূপশ্রী, জয় জোহার-সহ সব সামাজিক সুরক্ষা প্রকল্পগুলির ক্ষেত্রে এই সিদ্ধান্ত কার্যকর করা হবে। অর্থ দপ্তর ও ব্যাঙ্কের আধিকারিকরা ব্যাংকের তথ্য যাচাই করবেন বলে নবান্নের তরফে জানানো হয়েছে। তার পরেই ট্রেজারির মাধ্যমে টাকা পাঠানো হবে। আগামী শুক্রবার মুখ্যসচিব মনোজ পঙ্ক নবান্নে ব্যাঙ্ক আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসছেন। সেখানে এই বিষয়গুলি নিয়ে বিস্তারিত আলোচনা হবে বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে তরুণের স্বপ্ন প্রকল্পে ট্যাব বিতরণে জালিয়াতির ঘটনায় এখনও পর্যন্ত ১২০-টি মামলা রুজু হয়েছে। ১৩ জনকে গ্রেফতার করেছে পুলিশ। মোট ১ হাজার ৯১১ জন প্রতারিত হয়েছেন বলে রাজ্য পুলিশের সিআইডি জানিয়েছে।

এদিকে, এই ঘটনায় আরও একজনকে গ্রেপ্তার করেছে মালদা সাইবার ক্রাইম থানার পুলিশ। বৈষ্ণবনগরের তিনশতবিঘি এলাকার বাসিন্দা বছর ৪০-এর সেরাজুল মিয়্যার অ্যাকাউন্টে গাজালের একটি স্কুলের পড়ুয়ার ট্যাবের টাকা ঢুকেছিল বলে খবর। এরপর সেই টাকা তুলেও নেওয়া হয়। ট্যাবের টাকা লোপাট করতে সে নিজের অ্যাকাউন্ট ভাড়া দিয়েছিল বলে তদন্তকারীদের প্রাথমিক অনুমান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আদিবাসী সমাজের উন্নয়ন কল্পে প্রকল্পগুলি সঠিকভাবে চলছে কিনা তা পর্যালোচনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বৈঠক ডেকেছেন। আগামী সোমবার নবান্ন সভাঘরে বিকেল সাড়ে চারটায় আদিবাসী উপদেষ্টা কমিটির সঙ্গে এই বৈঠক হওয়ার কথা। মুখ্যমন্ত্রী ছাড়াও, আদিবাসী উন্নয়ন দপ্তরের মন্ত্রী বীরবাহা হাঁসদা এবং দপ্তরের আধিকারিকরা সেখানে উপস্থিত থাকবেন। চলতি প্রকল্পগুলি ছাড়াও আর কোন কোন প্রকল্পের প্রয়োজনীয়তা রয়েছে, কিভাবে আদিবাসী সমাজের আরও উন্নয়ন করা সম্ভব তা খতিয়ে দেখা হবে এই বৈঠকে। আদিবাসী সমাজের বিভিন্ন সংগঠনের প্রতিনিধিরাও উপস্থিত থাকবেন বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পুরুলিয়ার মুখোশ গ্রাম হিসেবে পরিচিত চড়িদায় আবাস যোজনা থেকে প্রায় ১৫-শো যোগ্য প্রাপকের নাম বাদ পড়েছে বলে অভিযোগ উঠেছে। বাঘমুন্ডি ব্লকের সিদ্দি পঞ্চায়েতের অন্তর্গত এই গ্রামের মানুষরা মূলত ছৌ মুখোস তৈরি করে জীবিকা নির্বাহ করে। পাকা ঘরের অভাবে অনেকেই মন্দিরে বা অন্যত্র রাত কাটাচ্ছেন বলে স্থানীয়দের দাবি। অবিলম্বে পুনরায় সমীক্ষা করে যোগ্যদের নাম তালিকায় অন্তর্ভুক্ত করার দাবি জানিয়েছেন তারা। যদিও গ্রাম পঞ্চায়েত প্রধান দ্বিজেন্দ্রনাথ মাহাতোর দাবি অতীতের তালিকা সঠিক ছিল না। প্রকৃত প্রাপকরা যাতে বাড়ি পান তা সুনিশ্চিত করতে সব রকম উদ্যোগ নেওয়া হচ্ছে।

000000000000000000000000000000000000

কসবার তৃণমূল কংগ্রেস কাউন্সিলর সুশান্ত ঘোষকে খুনের চেষ্টার অভিযোগে ‘মূল ষড়যন্ত্রকারী’ মহম্মদ ইকবাল কে পাকড়াও করেছে পুলিশ। রাজ্য ছেড়ে ঐ ব্যক্তি অন্যত্র পালাবার চেষ্টা করছিল বলে সূত্রের খবর। বর্ধমানে গলসী থানা এলাকা থেকে আজ ইকবালকে আটক করে পুলিশ। তাকে কলকাতায় আনার প্রস্তুতি চলছে। এই ঘটনায় ধৃত বিহারের বৈশালীর বাসিন্দা যুবরাজ সিং ও ট্যাক্সি চালক আহমেদকে আজ আদালতে তোলা হলে তাদের ২৯শে নভেম্বর পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে।

উল্লেখ্য, গত শুক্রবার সন্ধ্যায় ১০৮ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলার সুশান্তকে লক্ষ্য করে গুলি চালানোর চেষ্টা করে ব্যর্থ হয় দুষ্কৃতীরা। তাড়া করে যুবরাজ সিং নামে একজনকে ধরে ফেলে স্থানীয়রা। পরে তাকে পুলিশ গ্রেফতার করে। ধৃতকে জেরা করেই পরিকল্পনার ছক স্পষ্ট হয়। পরে এই ঘটনায় ট্যাক্সি চালক আহমেদকেও গ্রেফতার করা হয়।

এদিকে আজ ঘটনাস্থলে যান কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা। সঙ্গে ছিলেন DC-SSD বিদিশা কলিতা সহ পদস্থ কর্তারা। কমিশনার বলেন পুলিশ ঘটনার উপযুক্ত তদন্ত করছে-

বাইট (মনোজ ভার্মা)

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ ফোন করে সশান্ত ঘোষের সঙ্গে কথা বলেন।

এদিকে এই ঘটনাকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক তরঙ্গ। রাজ্যের বাইরে থেকে কিভাবে অস্ত্র ও দুষ্কৃতিরা অবাধে প্রবেশ করছে সেই প্রশ্ন তুলেছেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম।

বাইট

বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার কটাক্ষ করে বলেছেন, রাজ্যের পুলিশ মন্ত্রীর কথা পুলিশ শুনছে না এই অভিযোগ অত্যন্ত উদ্বেগের।

বাইট

০০০০০০০০০০০০০০

উত্তর ব্যারাকপুর পুরসভার উপ পুরপ্রধান সত্যজিৎ ব্যানার্জির ঝুলন্ত দেহ উদ্ধারের ঘটনায় চাপ্পল্য ছড়িয়েছে। ইছাপুর আনন্দ মঠ এলাকায় একটি বাড়িতে তিনি ভাড়া থাকতেন। গতকাল সকাল থেকেই নিখোঁজ ছিলেন তিনি। রাতেই পরিবারের তরফে নোয়াপাড়া থানায় একটি নিখোঁজ ডায়েরি করা হয়। এরপর আজ সকালে ইছাপুরের ওই ভাড়া বাড়ির ছাদ থেকে তাঁর ঝুলন্ত দেহ উদ্ধার হয়।

০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার ভাটপাড়া পুরসভার ১২ নম্বর ওয়ার্ডের প্রাক্তন তৃণমূল কংগ্রেস ওয়ার্ড সভাপতি অশোক সাউ-এর খুনের ঘটনায় ধৃত সুজল পাসোয়ানের ৯ দিনের পুলিশ হেফাজত হয়েছে। নৈহাটির শিবনাথপুর এলাকা থেকে ধৃত ওই ব্যক্তিকে আজ ব্যারাকপুর আদালতে তোলা হয়। এর আগে এই ঘটনায় কওশর আলি নামে এক ব্যক্তিকে পুলিশ গ্রেফতার করে।

এদিকে, আজ ঘটনাস্থলে যান এডিজি সিআইডি বিশাল গর্গ। তিনি থানায় পুলিশ আধিকারিকদের সঙ্গে বৈঠকের পর ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখেন।

০০০০০০০০০০০০০০০০

গঙ্গাসাগরে ভয়াবহ ভাঙন রুখতে রাজ্য সরকার আই আই টি মাদ্রাজ এবং নেদারল্যান্ডসের প্রযুক্তিগত সহায়তা নেবে। আসন্ন সাগরমেলার প্রস্তুতিতে স্বল্প মেয়াদী পরিকল্পনার পাশাপাশি দীর্ঘ মেয়াদী ভিত্তিতেও পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে বলে সেচমন্ত্রী মানস ভুঁইয়া জানিয়েছেন। আজ সাগরমেলার প্রস্তুতি বৈঠকে অংশ নেন তিনি। উপস্থিত ছিলেন, সুন্দরবন উন্নয়নমন্ত্রী বঙ্কিম হাজরা, স্থানীয় বিধায়ক জেলা সভাপতি সহ আধিকারিকরা। মেলার জন্য দফতরের বকেয়া কাজগুলি দ্রুত শেষ করারও নির্দেশ দিয়েছেন সেচমন্ত্রী।

০০০০০০০০০০০০০০০০০০

লটারী দুর্নীতির তদন্তে ইডি আজও লেক রোডে একটি সংস্থার অফিস ও তার আধিকারিকের বাড়িতে তল্লাশি চালাচ্ছে। এই নিয়ে টানা তিনদিন সেখানে তল্লাশি অভিযান চলছে। উদ্ধার হয়েছে প্রায় সাড়ে ৩ কোটি টাকা ও বেশকিছু নথিপত্র।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ কার্তিক পূজো। কার্তিক মাসের সংক্রান্তিতে দেব সেনাপতি রূপে পূজা করা হয় শক্তির দেবতা কার্তিককে। রাজ্যের বিভিন্ন প্রান্তে বারওয়ারি পূজোর পাশাপাশি গৃহস্থের বাড়িতেও আয়োজন করা হচ্ছে কার্তিক পূজোর।

হুগলির বাঁশবেড়িয়ায় সাড়ম্বরে পালিত হচ্ছে কার্তিক পূজো। এই পূজো দেখতে ইতিমধ্যেই বহু মানুষ ভিড় জমিয়েছেন। চুঁচুড়া ও কাটোয়াতেও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে পূজোর আয়োজন করা হচ্ছে।

মালদা শহরের মনমোহন সাহা পরিবারের কার্তিক পূজো রাজ্যে প্রাচীন পূজোগুলির মধ্যে অন্যতম। এখানে কার্তিক বাঁকে বিহারীলাল নামে পরিচিত।

বাঁকুড়ার সোনামুখীর কার্তিক পূজো বিখ্যাত। প্রচুর মানুষ জড়ো হন কার্তিক লড়াই দেখতে। একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – দেবশীষ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ায় রাস উৎসবের আজ দ্বিতীয় দিন। শান্তিপুরে বিভিন্ন বারোয়ারি সহ গোস্বামীবাড়িগুলিতে চলেছে বিশেষ পূজোপাঠ। অন্যদিকে নবদ্বীপে আজ রাসের আড়ং।

কোচবিহারে মদনমোহন দেবের ১৩৫ তম রাস যাত্রা উপলক্ষে আজ শুরু হয়েছে রাস মেলা, চলবে ১৫ দিন। উদ্বোধন করেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ।

বাঁকুড়ার মালিয়াড়ায় রাস মন্দির ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে বহু প্রাচীন আট দিনের রাস উৎসব শুরু হয়েছে। ৮ দিন ধরে পালা কীর্তন, বসে আঁকো প্রতিযোগিতা, স্বাস্থ্য শিবির, সহ যাত্রা অনুষ্ঠান থাকছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য পাবলিক সার্ভিস কমিশনের পরীক্ষার্থীদের জন্য রেল হাওড়া ও ব্যান্ডেলের মধ্যে বেশ কয়েকটি বিশেষ ট্রেন চালানোর কথা ঘোষণা করেছে। যাত্রা পথে সবকটি স্টেশনেই ট্রেনগুলি দাঁড়াবে। আরও একটি ইএমইউ বিশেষ পরিষেবা দেওয়া হবে সকাল সাত পাঁচ-এ। হাওড়া থেকে ছেড়ে ট্রেনটি ব্যান্ডেল পৌঁছবে ৮-টা পাঁচ-এ।

অন্যদিকে, ব্যান্ডেল - হাওড়া পরীক্ষা বিশেষ ট্রেন ব্যান্ডেলে ছাড়বে বিকেল চারটে ৪৮-এ। হাওড়া পৌঁছবে বিকেল ৫-টা ৫০-এ।

হাওড়া - বর্ধমান শাখাতেও বেশ কয়েকটি ট্রেন চালানো হচ্ছে।

এদিকে, আগামীকাল কলকাতা মেট্রো কবি সুভাষ, দক্ষিণেশ্বর রুটে ১৩০-টির জায়গায় ১৩৮-টি মেট্রো চালাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রক্ষনাবেক্ষন ও স্বাস্থ্য পরীক্ষার কাজের জন্য আজ রাত সাড়ে এগারোটা থেকে আগামীকাল ভোর সাড়ে চারটে পর্যন্ত হাওড়া ব্রিজ বা রবীন্দ্র সেতু সম্পূর্ণ বন্ধ থাকবে। এই ৫ ঘন্টা সেতুর দুদিকেই করকম যান বাহন করবে না বলে কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এই সময়ে বিকল্প পথ হিসাবে নিবেদিতা সেতু ও দ্বিতীয় হুগলি সেতুকে ব্যবহার করতে বলেছে তারা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আগামী কয়েকদিনে আবহাওয়া প্রধানত শুষ্ক থাকলেও তাপমাত্রার পারদ কিছুটা কমার পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। আবহাওয়াবিদ সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, পশ্চিমের জেলাগুলিতে একটু বেশি শীত অনুভূত হওয়ার সম্ভাবনা।

(বাইট - সৌরিশ)

০০০০০০০০০০০০০০০০০০০০

ইন্দোরে রঞ্জি ট্রফির ম্যাচে বাংলা ১১ রানে মধ্যপ্রদেশকে হারিয়ে দিয়েছে। জয়ের জন্য ৩৩৮ রানের লক্ষ্য নিয়ে খেলতে নেমে আজ চতুর্থ তথা শেষদিনে মধ্যপ্রদেশ দ্বিতীয় ইনিংস ৩২৬ রানে শেষ হয়। বাংলার হয়ে শাহবাজ আহমেদ চারটি, মহম্মদ শামি তিনটি উইকেট নিয়েছেন। শাহবাজ ম্যাচের সেরা হয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

কল্যাণী স্টেডিয়ামে আজ জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির যোগ্যতা অর্জন পর্বের ম্যাচে বাংলা ৪-০ গোলে ঝাড়খন্ডকে হারিয়ে দিয়েছে। বাংলার পক্ষে রবি হাঁসদা দুটি, মনোতোষ মাঝি ও নরহরি শ্রেষ্ঠা একটি করে গোল করেছেন।

oooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooo